কালের কণ্ঠ

তারিখ ... 23 NOV 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

### কবি নজরুল বিশ্ববিদ্যালয়

# জেলে চার 'ভর্তি জালিয়াত'

ভালুকা (ময়মনসিংহ) প্রতিনিধি ▷

ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অন্যের পরীক্ষা দিতে এসে ধরা পড়ে জেলে গেলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী। গতকাল রবিবার সকালে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষায় ওই ঘটনা ঘটে। এদিকে একই দিন বিকেলের পরীক্ষায় খাতা বদল করার দায়ে একই দণ্ড পেয়েছেন দুই পরীক্ষার্থী।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, গতকাল রবিবার সকালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষায় অন্যের পরীক্ষা দিচ্ছিলেন আকবর হোসেন ও মিঠু মিয়া। এ সময় প্রবেশপত্রের ছবির সঙ্গে তাদের চেহারার মিল না থাকায় পরীক্ষার কক্ষ পরিদর্শক ওই দুজনকে আটক করে পুলিশে সোপর্দ করেন। পরে নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী কর্মকর্তা জান্নাতুল ফেরদৌস সেখানে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ওই দুজনকে এক বছর করে বিনাশ্রম কারাদণ্ড দেন। দণ্ডপ্রাপ্ত আকবর হোসেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সম্মান শেষ পর্ব ও মিঠু মিয়া একই বিশ্ববিদ্যালয়ের উর্দু বিভাগের প্রথম বর্ষের ছাত্র।

অন্যদিকে একই দিন বিকেলে ওই বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা চলাকালে খাতা বদল করার দায়ে জুবায়দুল ইসলাম ও মোকাররম প্রামাণিক নামের দুই পরীক্ষার্থীকে এক বছর করে বিনাশ্রম কারাদণ্ড দেন একই আদালত। দণ্ডপ্রাপ্ত চারজনকেই গতকাল ময়মনসিংহ কারাগারে পাঠানো হয়েছে। ত্রিশাল থানার ওসি মনিরুজ্জামান বিষয়টির সত্যতা নিশ্চিত করেছেন।